"নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি"

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি/২০২১/৫৬৯ তারিখ : ০১/১২/২০২১ খ্রি.

## ২০২১ সনের জেএসসি পরীক্ষার শিক্ষার্থীদের Online এ ফরম পূরণের বিজ্ঞপ্তি:

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর আওতাধীন নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১৭-৬২৩, তারিখ: ০৪/১১/২০২১ এর প্রেক্ষিতে করোনা ভাইরাস সংক্রমণের সার্বিক পরিস্থিতি এবং শ্রেণিকক্ষে শিক্ষা-শেখানো কার্যক্রম বিবেচনায় ২০২১ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার শিক্ষার্থীদের স্ব- স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের ভিত্তিতে মূল্যায়ন করে নবম শ্রেণিতে উত্তীর্ণ করতে হবে। ২০২১ সালের জেএসসি পরীক্ষার রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীদের স্ব- স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বার্ষিক পরীক্ষা ও অ্যাসাইনমেন্টের ভিত্তিতে মূল্যায়ন করে প্রস্তুতকৃত ফলাফলের ভিত্তিতে বোর্ড থেকে উত্তীর্ণ-সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উত্তীর্ণ-সনদ প্রদানের লক্ষে Online-এ ফরম পূরণের নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

০১। <u>অনলাইনে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন ও ফরম পূরণ:</u>

২০২১ সালের জেএসসি পরীক্ষার রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে (www.comillaboard.gov.bd) জেএসসি কর্ণারে ০৭/১২/২০২১ খ্রি. তারিখে দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১১/১২/২০২১ খ্রি. থেকে ২০/১২/২০২১ খ্রি. তারিখের মধ্যে Online-এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (eFF) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে (www.comillaboard.gov.bd) প্রবেশ করে জেএসসি-২০২১ ফরমপূরণ লিঙ্কে ক্লিক করে EIIN ও Password দিয়ে Login করে Probable list এ যেতে হবে এবং Print করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী Select করতে হবে।

(খ) উক্ত হার্ডকপিতে Probable list এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত Probable list থেকে Select করতে হবে এবং Save বাটনে ক্লিক করতে হবে।

(গ) Temporary List Print করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Select/Unselect করা যাবে।

(ঘ) অতঃপর Final Submit এ ক্লিক করে Final Candidate List প্রিন্ট করতে হবে। উল্লেখ্য Final Submit না করলে পরীক্ষার্থীর ফরম পূরণ নিশ্চায়ন সম্পন্ন হবে না।

(ঙ) Final Candidate List Print করে প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করে সংরক্ষণ করবেন।

০২। <u>অনলাইনে ফরম পূরণে Password এর ব্যবহার</u> ঃ ২০২১ সনের জেএসসি পরীক্ষার রেজিস্ট্রেশনের জন্য যে Password ব্যবহার করা হয়েছে তা ব্যবহার করে ২০২১ সনের জেএসসি পরীক্ষার অনলাইনে ফরম পূরণ (eFF) কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৩। ফরম পূরণ বাবদ শিক্ষার্থীদের নিকট হতে কোন ফি আদায় করা যাবে না এবং বোর্ডে কোন ফি প্রদান করতে হবে না।

০৪। নির্ধারিত সময়ে ফরম পূরণে ব্যর্থ শিক্ষার্থী অষ্টম শ্রেণিতে অনুত্তীর্ণ শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে এবং নবম শ্রেণিতে ভর্তি ও রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না।

০৫। উল্লিখিত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে তাঁর বিদ্যালয়ের মাধ্যমে জেএসসি পরীক্ষার রেজিস্ট্রেশনধারী ও অষ্টম শ্রেণির বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ফরম পূরণের প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের জন্য প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১/১২/২০২১
(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি/২০২১/৫৬৯(০৯) তারিখ : ০১/১২/২০২১ খ্রি.

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি ঃ</u>

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৪। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়ীয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৭। উপজেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৮। এ বোর্ডের আওতাধীন নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক স্তরের সকল প্রতিষ্ঠান প্রধান
৯। সংরক্ষণ নথি।

01.12.2021
(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬৪৬১
ইমেইলঃ dcscomillaboard@gmail.com